অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লেক অন্টারিওতে নিউ ইয়র্কের প্রথম জাতীয় সামুদ্রিক অভয়ারণ্যের ঐতিহাসিক আখ্যা উদযাপন করলেন

জাতীয় মহাসাগরীয় ও বায়ুমণ্ডলীয় প্রশাসনের এই আখ্যা লেক অন্টারিওকে নিউ ইয়র্কের প্রথম জাতীয় সামুদ্রিক অভয়ারণ্য এবং দেশব্যাপী 16তম সাইট করে

নতুন "পানির নিচের পার্ক" গ্রেট লেকসের সামুদ্রিক ইতিহাসের 1,700 বর্গফুটকে সুরক্ষিত রাখে

গভর্নর ক্যাথি হোকল আজকে জাতীয় মহাসাগরীয় ও বায়ুমণ্ডলীয় প্রশাসন (National Oceanic and Atmospheric Administration, NOAA) প্রদত্ত লেক অন্টারিওর জাতীয় সামুদ্রিক অভয়ারণ্যের (Lake Ontario National Marine Sanctuary) আখ্যাকে উদযাপন করলেন। লেক অন্টারিও অভয়ারণ্য জাতীয় সামুদ্রিক অভয়ারণ্য ব্যবস্থার মাত্র 16তম সাইট হবে এবং নিউ ইয়র্ক স্টেটের উপকূলে প্রথম এই আখ্যা পাবে।

"অভয়ারণ্যটি আমাদের আপস্টেট সম্প্রদায়সমূহকে জাতীয় পর্যায়ে স্থাপন করে, অঞ্চলটির অনন্য ও গুরুত্বপূর্ণ সামুদ্রিক সংস্থানকে, আদিবাসী এবং আমেরিকান ইতিহাসে এর অমোচনীয় চিহ্ন, এবং এর বিশ্বমানের বিনোদনের সুযোগকে স্বীকৃতি প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "ল্যান্ডমার্ক এই অর্জনটি লেক অন্টারিওর সমৃদ্ধ সামুদ্রিক ঐতিহ্য সংরক্ষণ করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে তুলে ধরে এবং একই সাথে গবেষণা, বিনোদন, এবং টেকসই ব্যবহারের সুযোগ তৈরি করে। 1,700 বর্গফুটের বেশি এবং বহু সংখ্যক ঐতিহাসিক সাইটকে আমরা সুরক্ষিত রাখছি, এবং সেই সাথে এটিও নিশ্চিত করছি যাতে আমাদের গ্রেট লেকসের সম্প্রদায়সমূহ সমৃদ্ধি করা এবং তাদের প্রাণবন্ত অতীত, বর্তমান, ও ভবিষ্যতের সাথে সংযুক্ত হওয়া অব্যাহত রাখতে পারে।"

NOAA এর প্রশাসক রিচার্ড স্পিনরাড, পিএইচডি, বলেন, "লেক অন্টারিও হলো গ্রেট লেকস এবং মহাসাগরের মধ্যকার একটি গুরুত্বপূর্ণ গেটওয়ে। বাণিজ্য থেকে শুরু করে জীববৈচিত্র্য ও বিনোদন পর্যন্ত, এই এলাকার সামুদ্রিক ল্যান্ডস্কেপটি অতীত, বর্তমান ও ভবিষ্যতের সংযোগের প্রতিনিধিত্ব করে এবং এটি সৃষ্টির জন্য মনেপ্রাণে কামনা করা সম্প্রদায়সমূহের জন্য দুর্দান্ত লাভজনক হবে।"

প্রায়শই পানির নিচের পার্ক নামে পরিচিত জাতীয় সামুদ্রিক অভয়ারণ্য ব্যবস্থাটিতে রয়েছে প্রাকৃতিক ও সাংস্কৃতিক সংস্থান সম্পন্ন এলাকা যা দেশের ইতিহাস এবং সামুদ্রিক পরিবেশের জন্য গুরুত্বপূর্ণ। নতুন লেক অন্টারিও অভয়ারণ্যটি সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সাইটের জন্য বিদ্যমান স্টেট ও ফেডারেল সুরক্ষাকে উন্নত করবে এবং মাছ ধরা, নৌকা চালানো এবং শিপিংয়ের মতো ব্যবহারকে সীমিত করবে না। এছাড়াও অভয়ারণ্য হিসেবে এই আখ্যা গবেষণা, বিনোদন, শিক্ষামূলক কর্মসূচি এবং সম্প্রদায়কে জড়িতকরণের জন্য নতুন সুযোগ নিয়ে আসে।

সামুদ্রিক অভয়ারণ্য বহু উপায়ে জনগণের জন্য গুরুত্বপূর্ণ, যেমন:

- **প্রাকৃতিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য সুরক্ষিত রাখা:** অভয়ারণ্য দৃশ্যের সৌন্দর্য, জীববৈচিত্র্য এবং মহাসাগর এবং গ্রেট লেকসের ঐতিহাসিক সংযোগকে সুরক্ষিত রাখে। বিলুপ্তপ্রায় প্রজাতির জন্য তারা নিরাপদ আবাসস্থল প্রদান করে এবং ডুবে যাওয়া জাহাজ এবং শিল্পকর্মকে সুরক্ষিত রাখে।
- **টেকসই ব্যবহারকে সমর্থন করা:** অভয়ারণ্যের ফলে মানুষ একটি টেকসই উপায়ে মহাসাগর ও গ্রেট লেকসকে উপভোগ করতে পারবে। ডাইভিং এবং ক্রীড়া হিসেবে মাছ ধরার জন্য এগুলি জনপ্রিয় বিনোদনের স্থান এবং পর্যটন, কেলপ ফলানো এবং মাছ ধরার মতো বাণিজ্যিক শিল্পখাতকে সমর্থন করে। এছাড়াও তারা স্থানীয় অর্থনীতিকে চালনা করা এবং চাকরি প্রদান করার মাধ্যমে উপকূলীয় সম্প্রদায়সমূহকে সমর্থন করে।
- **শিক্ষামূলক সুযোগ প্রদান করা:** অভয়ারণ্য হলো গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য প্রাকৃতিক শ্রেণীকক্ষ এবং গবেষণাগার। তারা মানুষকে মহাসাগর এবং গ্রেট লেকসে বুঝতে এবং এর দেখাশোনা করতে সাহায্য করবে।
- **সামুদ্রিক ঐতিহ্য সংরক্ষণ করা:** অভয়ারণ্যের কর্মীরা সামুদ্রিক ঐতিহ্যকে সুরক্ষিত রাখতে শিক্ষা, প্রত্নতত্ত্ব, সামুদ্রিক বিজ্ঞান এবং নিয়ন্ত্রণ ব্যবহার করে।

লেক অন্টারিও অভয়ারণ্যটির আওতায় ইস্টার্ন লেক অন্টারিওতে 1,700 বর্গফুটের স্টেট জলাশয় থাকবে এবং আনুমানিক 43 জ্ঞাত ডুবে যাওয়া জাহাজ এবং একটি নিমজ্জিত আকাশযানকে সুরক্ষিত করবে, যাদের কয়েকশত বছরের ইতিহাস রয়েছে। নতুন অভয়ারণ্যটি হলো নিউ ইয়র্কের গ্রেট লেকস সম্প্রদায়সমূহের চলমান রূপান্তরের আরেকটি ইঙ্গিত।

লেক অন্টারিও জাতীয় সামুদ্রিক অভয়ারণ্যের আখ্যা পাওয়ার বলীয়ান সরকারি প্রক্রিয়া 17 জানুয়ারি, 2017 তারিখে শুরু হয়, যখন চারটি নিউ ইয়র্ক কাউন্টির (ওসওয়েগো, জেফার্সন, ক্যাইয়ুগা, এবং ওয়েইন) এবং ওসওয়েগো সিটির নেতৃবৃন্দ নিউ ইয়র্কের গভর্নরের সমর্থন নিয়ে অভয়ারণ্য মনোনয়ন প্রক্রিয়ার মাধ্যমে NOAA এর কাছে একটি মনোনয়ন জমা করেন। 19 এপ্রিল, 2019 তারিখে আখ্যা প্রদানের প্রক্রিয়া শুরু করার জন্য NOAA একটি অভিপ্রায়ের নোটিশ প্রকাশ করে এবং আখ্যা প্রদানের প্রক্রিয়া সম্পর্কে অবগত করতে এবং স্টেকহোল্ডারদের অংশগ্রহণে মনোযোগ প্রদানে সাহায্য করার জন্য 2020 সালে একটি অভয়ারণ্য উপদেষ্টা পরিষদ (Sanctuary Advisory Council) স্থাপন করে, যেখানে ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State, DOS) এবং পার্কসের এক্স-অফিসিও সদস্য হিসেবে নিউ ইয়র্ক স্টেটের প্রতিনিধিত্ব করে।

7 জুলাই, 2021 তারিখে NOAA একটি খসড়া পরিবেশগত প্রভাবের বিবৃতি এবং খসড়া ব্যবস্থাপনা পরিকল্পনা, এবং 19 জানুয়ারি, 2023 তারিখে প্রস্তাবিত নিয়ম তৈরির একটি নোটিশ প্রকাশ করে। 19 এপ্রিল, 2024 তারিখে চূড়ান্ত পরিবেশগত প্রভাবের বিবৃতি প্রকাশ করা হয়। আজকে, 6 সেপ্টেম্বর, 2024 তারিখে নিউ ইয়র্কের স্টেট সচিব ওয়াল্টার টি মসলি এবং পার্ক, বিনোদন, এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation, and Historic Preservation) কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স এইসব গুরুত্বপূর্ণ সংস্থানের সুরক্ষা, অধ্যয়ন এবং উদযাপন করতে নতুনভাবে আখ্যা পাওয়া অভয়ারণ্যের সহ-ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করার জন্য NOAA এর সাথে একটি সমঝোতার স্মারকে স্বাক্ষর করেন।

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সচিব ওয়াল্টার মসলি বলেন, "এই আখ্যাটি নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি ঐতিহাসিক অর্জন যেহেতু আমরা ইস্টার্ন লেক অন্টারিওকে আমাদের দেশের সামুদ্রিক ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির একটি বিশ্বমানের কেন্দ্র হিসেবে স্বীকৃতি প্রদান করছি। এই অভয়ারণ্যটি গর্ব করার একটি বিষয়, এর একটি ব্যক্তিত্ব রয়েছে এবং যেই বিশেষ স্থানটিকে সুরক্ষিত রাখার জন্য এর নকশা করা হয়েছে তার মতোই অনন্য। NOAA এর সাথে, এবং ফার্স্ট ন্যাশন্স এবং আমাদের নিবেদিত সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং উপকূলীয় সম্প্রদায়সমূহের সাথে অংশীদারিত্বে অভয়ারণ্যের সহ-ব্যবস্থাপনা করার জন্য ডিপার্টমেন্ট অফ স্টেট উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "এই অভয়ারণ্যটি নিউ ইয়র্কের আপস্টেট সম্প্রদায়সমূহ এবং জলাশয়কে একটি জাতীয় পর্যায়ে স্থাপন করে, অঞ্চলের অনন্য এবং গুরুত্বপূর্ণ সামুদ্রিক সংস্থান, আমেরিকান এবং ফার্স্ট ন্যাশন্সের ইতিহাসের একটি অমোচনীয় চিহ্ন, এবং এর বিশ্বমানের বিনোদনের সুযোগকে স্বীকৃতি প্রদান করে। নতুন এই অভয়ারণ্যটি হলো আমাদের গ্রেট লেকস সম্প্রদায়সমূহের চলমান রূপান্তরের আরেকটি ইঙ্গিত এবং আমাদের মহান স্টেটে যা যা রয়েছে সেই সবকিছুর উপর আলোকপাত করার জন্য NOAA এর সাথে একটি যুগান্তকারী অগ্রগামী ধাপ গ্রহণ করে।"

স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ রোজা বলেন, "লেক অন্টারিও জাতীয় সামুদ্রিক অভয়ারণ্য প্রতিষ্ঠা হলো নিউ ইয়র্কের ইতিহাস এবং ঐতিহ্যের অনন্য এবং গুরুত্বপূর্ণ দিক সংরক্ষণ করার জন্য আমাদের চলমান প্রয়াসে একটি উল্লেখযোগ্য মাইলফলক। NOAA এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার এই সহযোগিতামূলক প্রয়াস এই ইতিহাসকে নিরাপদ রাখার প্রতি আমাদের একই প্রতিশ্রুতির উপর আলোকপাত করে এবং একই সাথে অর্থপূর্ণ শিক্ষামূলক সুযোগ তৈরি করে। অব্যাহত সহযোগিতা, সম্প্রদায়ের জড়িতকরণ, এবং সংস্থানের ব্যবস্থাপনার মাধ্যমে অভয়ারণ্যটি আমাদের অভিন্ন সাংস্কৃতিক অতীত এবং এর দীর্ঘস্থায়ী লিগেসির প্রতি আমাদের উপলব্ধি ও কদর আরো গভীর করতে সাহায্য করার প্রতিশ্রুতি প্রদান করে।"

সহ-ব্যবস্থাপক হিসেবে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ স্টেটের উপকূলীয় পরিকল্পনা এবং অর্থনৈতিক বিকাশ কর্মসূচিকে কাজে লাগানোর একটি অবস্থানে রয়েছে, যার মধ্যে রয়েছে স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন কর্মসূচি (Local Waterfront Revitalization Program, LWRP), উপকূলীয় লেকশোর অর্থনীতি এবং স্থিতিস্থাপকতা (Coastal Lakeshore Economy and Resiliency, CLEAR) উদ্যোগ, ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) এবং NY ফরোয়ার্ড (NY Forward), যা লেক অন্টারিওর ওয়াটারফ্রন্ট সম্প্রদায়সমূহকে বলীয়ান করবে এবং লেক অন্টারিও জাতীয় সামুদ্রিক অভয়ারণ্যের আরো

সুরক্ষা ও প্রচার করবে। অভয়ারণ্যটিকে অঞ্চলের বলীয়ান উপকূলীয় এবং সামুদ্রিক সাংস্কৃতিক ঐতিহ্যকেন্দ্রিক বিনিয়োগ শুরু করার আরেকটি উদাহরণ হিসেবে দেখা হচ্ছে।

উদাহরণস্বরূপ ডাউনটাউনকে পুনর্জীবিত করবে এবং ওয়াটারফ্রন্টের সম্প্রদায়কে পুনরায় সংযুক্ত করবে এমন প্রকল্পের জন্য 2016 সালে DOS এর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে ওসওয়েগো সিটি 10 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে; ডাউনটাউনকে ওসওয়োগো রিভার এবং লেক অন্টারিওর সংযোজক রিভারওয়াক পথচারীদের ওয়াকওয়ের জন্য LWRP কর্মসূচি দ্বারা অর্থায়িত উন্নয়নকাজ; এবং নৌকা চালানোর অভিজ্ঞতাকে উন্নত করতে আন্তর্জাতিক পিয়ারের (International Pier) কাজ সম্পূর্ণ করার জন্য স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ (Resiliency and Economic Development Initiative, REDI) সমর্থন করেছে। ফলস্বরূপ, অভয়ারণ্যে বেড়াতে আসা মানুষের অবস্থান ও আমোদপ্রমোদের জন্য ডাউনটাউন ওসওয়েগো আরো প্রাণবন্ত ও আকর্ষণীয় একটি স্থান হয়ে উঠেছে।

এছাড়াও অভয়ারণ্য হিসেবে এই আখ্যা ওয়াটারফ্রন্ট সম্প্রদায়সমূহকে বলীয়ান করার উদ্দেশ্যে স্টেটের গৃহীত অন্যান্য প্রয়াসের সম্পূরক, যেমন লেক অন্টারিও স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ, যেটিকে উপকূলরেখার সম্প্রদায়সমূহে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার জন্য এবং লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স রিভারের উপকূল সংলগ্নে বন্যার বিস্তৃত ধারার সাড়াদান হিসেবে অঞ্চলের অর্থনৈতিক বিকাশকে বলীয়ান করার জন্য প্রতিষ্ঠা করা হয়েছে। 2019 সালের বসন্তে স্টেটের REDI কর্মসূচি তৈরির পর থেকে 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ শুরু হয়েছে, যার মধ্যে নকশা পর্যায়ে 26টি প্রকল্প, নির্মাণ পর্যায়ে 19টি প্রকল্প রয়েছে, এবং 89টি প্রকল্পের কাজ শেষ হয়েছে, যার মধ্যে রয়েছে 9.5 মিলিয়ন মার্কিন ডলারের আন্তর্জাতিক পিয়ার, এবং ওসওয়েগো সিটিতে 3.1 মিলিয়ন মার্কিন ডলারের রাইটস ল্যান্ডিং (Wrights Landing) উন্নয়ন প্রকল্পসমূহ।

লেক অন্টারিও জাতীয় সামুদ্রিক অভয়ারণ্য সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন https://sanctuaries.noaa.gov/lake-ontario/ এবং গ্রেট লেক, গ্রেট সিক্রেটস স্টোরিম্যাপ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন